গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জাতীয় রাজস্ব বোর্ড**
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা

নথি নং- ০৮.০১.০০০০.০৮৬.০৪.০০৩.২০/২৬ তারিখ: ১০/০২/২০২১ খ্রিঃ

বিষয়ঃ জাতীয় রাজস্ব বোর্ডের "ইনোভেশন টীম" কর্তৃক নির্বাচিত উদ্ভাবনী বিষয়সমূহের উপর গৃহীত কার্যক্রমঃ

০১। **বিষয়ঃ জাতীয় রাজস্ব বোর্ডের অধীনস্থ দপ্তর সমূহের ওয়েবসাইট ও ফেসবুক হালনাগাদকরন**

**গৃহীত কার্যক্রমঃ** জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন ৬৯ টি কমিশনারেট/দপ্তরকে তাদের ওয়েবসাইট ও ফেসবুক পেজ তৈরী ও হালনাগাদকরণের জন্য পত্র প্রেরণ করে তাদের নিকট হতে প্রতিপালন প্রতিবেদন চাওয়া হয়েছিল। ইতোমধ্যে ৫৭ টি দপ্তর প্রতিপালন প্রতিবেদন পাঠিয়েছে। এখনো যারা ওয়েবসাইটে তৈরী, পুনর্গঠন বা হালনাগাদ করেননি তাঁদেরকে পত্র মারফত এবং টেলিফোনে তাগাদা দেয়া হয়েছে।

জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন সকল প্রতিষ্ঠানের ওয়েবসাইট ও ফেসবুক পেজের লিংক জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে যুক্ত করার মাধ্যমে করদাতা, সাধারণ জনগণ ও যেকোন ব্যক্তির নিকট তথ্য উন্মুক্ত করে সেবা সহজীকরণ এবং স্বচ্ছতা নিশ্চিতকরনের উদ্দেশ্যে এই উদ্যোগ নেয়া হয়েছে। ওয়েবসাইট ও ফেসবুক পেজ হালনাগাদকরনের জন্য বেশ কিছু নির্দেশনা দেয়া হয়েছে। ফেসবুক পেজের মাধ্যমে অংশীজনদের মন্তব্য, প্রতিক্রিয়া ও তথ্য সেবা দেয়ার সরাসরি সংযোগ স্থাপিত হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন সকল প্রতিষ্ঠানের ওয়েবসাইট Portal এর ঠিকানা gov.bd হিসেবে রেজিস্ট্রেশন করা এবং সকল ওয়েবসাইটে স্ব স্ব প্রতিষ্ঠানের ঠিকানা/অবস্থান google map - এ প্রদর্শনের জন্য সুপারিশ করা হয়েছে। ওয়েবসাইট সমূহ হালনাগাদের কারিগরি সহযোগিতা প্রদানের জন্য জনাব মোঃ শামীম উল-ইসলাম, প্রোগ্রামার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর নেতৃত্বে একটি কমিটি গঠন করা হয়েছে। ওয়েবসাইটসমূহের খুঁটিনাটি বিস্তারিত পরীক্ষা করে প্রয়োজনীয় সংস্কারের নির্দেশনা দেয়া হবে এবং প্রতিটি দপ্তরে এক/দুইজন কে যাঁতে সার্বক্ষনিক আপডেটের জন্যে নিযুক্ত করা হয় তার নির্দেশনা দেয়া হবে। জাতীয় রাজস্ব বোর্ডসহ এর অধীনস্থ সমস্ত দপ্তরের পত্রযোগাযোগ, লেটার হেডপ্যাড, বিজ্ঞপ্তি, কর্মকর্তাদের ভিজিটিং কার্ড, বিজ্ঞাপন, চিঠির খাম, ফোল্ডার, প্রকাশনা সমস্ত কিছুতে ওয়েব ঠিকানা (www.nbr.gov.bd) উল্লেখ করা বাধ্যতামূলক করে আদেশ জারী করার কার্যক্রম হাতে নেয়া হবে। ইতোমধ্যে আইটি শাখাকে প্রাপ্ত দপ্তরসমূহের web ঠিকানা জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে লিংক স্থাপনের জন্য প্রেরণ করা হয়েছে।

০২। **বিষয়ঃ জাতীয় রাজস্ব বোর্ডের বিভিন্ন উইং এর ফরমসমূহ সহজীকরণ**

**গৃহীত কার্যক্রমঃ** জাতীয় রাজস্ব বোর্ডের বিভিন্ন উইং এর বিধিবদ্ধ ফরমসমূহ সহজীকরণ বিষয়ে ইতোপূর্বে প্রস্তাবনা প্রেরণের জন্য মাঠ প্রশাসনে পত্র প্রেরণের প্রেক্ষিতে ২৭ টি দপ্তর হতে প্রস্তাবনা পাওয়া গেছে। প্রস্তাবনাসমূহ বিস্তারিত পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় সংশোধন/সংযোজন, প্রতিস্থাপন, বিয়োজন বা অবলোপনের সুপারিশ করার জন্য চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে মহাপরিচালক (গঃ ও পঃ), জাতীয় রাজস্ব বোর্ড ঢাকা কে প্রধান করে শুল্ক, মূসক এবং আয়কর উইং থেকে কর্মকর্তাগণের সমন্বয়ে ০৭ জনের একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটি প্রস্তাবসমূহ পর্যালোচনা করে তাদের পরামর্শ আগামী বাজেট চর্চার সময় বিবেচনায় রাখতে হবে।

০৩। **বিষয়ঃ ২০২০ সালের গঠিত ইনোভেশন টীমের নিকট পর্যন্ত উপস্থাপিত উদ্ভাবনী ধারণাসমূহের বাস্তবায়নেরঅগ্রগতি।**

গৃহীত কার্যক্রমঃ ইতোপূর্বে উপস্থাপিত ইনোভেশন ধারনাসমূহের বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে নিচে আলোচনা করা হলোঃ

- BenaPass; IGM – Import General Manifest System আখাউড়া ও বিবির বাজার বাস্তবায়ন করার জন্য পত্র দেয়া হয়েছিল। ইতোমধ্যে বেনাপোল কাস্টম হাউজের সাথে যোগাযোগ করে জানা যায় এটির অধিকতর উন্নয়ন ও আপডেট কার্যক্রম অব্যাহত আছে। বস্তুত: নতুন ও উন্নততর একটি সিস্টেম বেনাপোলে চালু করে পাইলটিং হচ্ছে;

- PMIS- জাতীয় রাজস্ব বোর্ডের উদ্ভাবিত সিস্টেমটির বাস্তবায়ন শেষ পর্যায়ে আছে। এ বিষয়ে একাধিক demonstration হয়েছে। এটি পরীক্ষামূলকভাবে চালু করা হচ্ছে এবং ডাটা ইনপুট দেয়ার কার্যক্রমে যথেষ্ট অগ্রগতি আছে;
- Guest Entry Management System- টি জাতীয় রাজস্ব বোর্ডে চালু হয়েছে;
- Revenue Monitoring System – জাতীয় রাজস্ব বোর্ডের গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগের জন্য প্রস্তুত সিস্টেমটি আংশিকভাবে চালু হয়েছে। এটি সার্বিকভাবে চালুর জন্যে প্রশিক্ষণ কর্মসূচীর পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে;
- Vehicle Management System – জাতীয় রাজস্ব বোর্ডের যানবাহন ব্যবস্থাপনার এ সিস্টেমটির বাস্তবায়নের বিষয় প্রক্রিয়াধীন আছে;
- Library Management System – জাতীয় রাজস্ব বোর্ডের গ্রন্থাগার ব্যবস্থাপনার এ সিস্টেমটির বাস্তবায়নের কাজ চলমাণ। এ সিস্টেমে বার কোড বা QR code ব্যবহারের মাধ্যমে এটি আরো কার্যকর করা হবে;
- Store Management System- জাতীয় রাজস্ব বোর্ডের স্টোর ব্যবস্থাপনার এ সিস্টেমটির বাস্তবায়নের বিষয় প্রক্রিয়াধীন আছে;
- e-Auction System – USAID এর উদ্যোগে বাস্তবায়িত এ সিস্টেমটির অগ্রগতি এবং বিভিন্ন কাস্টম হাউসে বাস্তবায়নের সম্ভাব্যতা পরীক্ষা করা হচ্ছে এবং এটিকে পরিপ্রেক্ষিত উপযোগী করে প্রয়োজনীয় পুনর্গঠন করা হচ্ছে;
- Retain Goods Management System- ঢাকা কাস্টমস হাউসের উদ্ভাবিত এ সিস্টেমটি ইতোমধ্যে চালু এবং অরাপর কাস্টম হাউজে ব্যবহারের নির্দেশনার প্রেক্ষিতে ব্যবহৃত হচ্ছে;
- eTDS System – আয়কর অনুবিভাগের এ সিস্টেমটির পাইলটিং কার্যক্রম চালু হয়েছে। এটি আনুক্রমিক উন্নয়নের প্রক্রিয়ায় আছে;
- কর অঞ্চল-৬, ঢাকা কর্তৃক বাস্তবায়নাধীন Online Return System বোর্ড কর্তৃক অনুমোদিত হয়েছে এবং এটি অনেক ক্ষেত্রে ব্যবহৃত হচ্ছে। একইসাথে এর উন্নয়ন কার্যক্রম অব্যাহত আছে।
- জাতীয় রাজস্ব বোর্ড থেকে নিজস্ব ব্যবস্থাপনায় সোনালী ব্যাংকের গেটওয়ে ব্যবহার করে আয়করের ক্ষেত্রে ই-পেমেন্ট চালু করা হয়েছে;
- eReturn System – আয়কর রিটার্ন দাখিলের জন্য জাতীয় রাজস্ব বোর্ডের নিজস্ব উদ্যোগে বাস্তবায়নাধীন eReturn System এর বেশ কয়েকটি demo presentation হয়েছে। এটির ক্রমোন্নয়ন প্রচেষ্টা চলমান রয়েছে যা আগামী অর্থবছরেই ব্যবহার করার পরিকল্পনা আছে;

০৪। **বিষয়ঃ** ২০২১ সালের জন্য উদ্ভাবনী পরিকল্পনা।

**গৃহীত কার্যক্রমঃ** জাতীয় রাজস্ব বোর্ডের অধীন প্রতিটি দপ্তরের উদ্ভাবনী টীমের তালিকা (থাকলে প্রেরণ/না থাকলে তৈরীপূর্বক প্রেরণ) প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছে।

০৫। **বিষয়ঃ** বিবিধ।

**গৃহীত কার্যক্রমঃ** ইনোভেশন টিমের কার্যক্রম ও জাতীয় রাজস্ব বোর্ডের উদ্ভাবিত উদ্যোগসমূহের একটি অর্ধবার্ষিক প্রকাশনা তৈরী করার পরিকল্পনা আছে।

১০/০২/২০২১

**স্থপতি মোঃ আনোয়ার হোসাইন**
মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ
ও
সভাপতি/আহ্বায়ক ইনোভেশন কমিটি
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

প্রাপক ঃ
০১। অতিরিক্ত সচিব
সংসদ, অডিট, রিপোর্ট, ইনোভেশন, ICT, NIS এবং আইন ও নীতি)
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
(দৃষ্টি আকর্ষণ: জনাব কানাই লাল শীল, সিনিয়র সহকারী সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়)।

নথি নং- ০৮.০১.০০০০.০৮৬.০৪.০০৩.২০ /২৬ তারিখ: ১০/০২/২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২। মহাপরিচালক, সিআইসি, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা / কর কমিশনার, কর অঞ্চল-২, ঢাকা / কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট, ঢাকা/ কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।
৩। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা
৪। জনাব মোঃ শব্বির আহমদ, পরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৫। জনাব মেঃ ঈদতাজুল ইসলাম, প্রথম সচিব (শুল্ক ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৬। জনাব দুলাল চন্দ্র পান্ডে, যুগ্ম কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট, ঢাকা
৭। জনাব আরিফুল হক, উপ কর কমিশনার, কর অঞ্চল-২, ঢাকা।
৮। জনাব মোঃ কাজী রেজাউল হাসান, দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৯। জনাব জাহাঙ্গীর আলম, উপ কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।
১০। জনাব রাকিবুল হাসান, দ্বিতীয় সচিব (শুল্ক মূল্যায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১১। জনাব মোঃ শামীম উল-ইসলাম, প্রোগ্রামার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০/০২/২০২১

(দুলাল চন্দ্র পান্ডে)
যুগ্ম কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট, ঢাকা
ও
সদস্য সচিব, ইনোভেশন কমিটি
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।